শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

ISO 9001:2015 Certified

টেলিফোন ঃ 02-589924465(অফিস)
ই-মেইল-dpbsone@gmail.com
ওয়েব সাইট ঃ www.pbs1.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৬৪.৫১৮.০১.০০৮.২৪.৫১১

তারিখঃ ১৬ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ
৩০/০১/২০২৪ খ্রিস্টাব্দ

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কমন স্টোরের নিম্নবর্ণিত মালামালসমূহ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত বিবরণ ও শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নে আইটেমসমূহের বিবরণ উল্লেখ করা হলো-

| ক্রমিক নং | আইটেমের বিবরণ | পরিমান | উদ্ধৃত মূল্য (টাকা) | |
|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | টাইপ রাইটার মেশিন বাংলা | ০৪ টি | | |
| ০২ | টাইপ রাইটার মেশিন ইংরেজি | ০১ টি | | |
| ০৩ | দেয়াল ঘড়ি | ০৬ টি | | |
| ০৪ | প্রিন্টিং ক্যালকুলেটর | ১৩ টি | | |
| ০৫ | পকেট ক্যালকুলেটর | ৩০ টি | | |
| ০৬ | সিলিং ফ্যান | ৭০ টি | | |
| ০৭ | টেবিল ফ্যান | ০৯ টি | | |
| ০৮ | লাইনম্যান ম্যাটারিয়াল বক্স (স্টীলের তৈরী) | ০১টি | | |
| ০৯ | গ্যাস সিলিন্ডার | ০৩ টি | | |
| ১০ | কম্পিউটার টেবিল (অটোবি) | ০৬ টি | | |
| ১১ | মোবাইল সেট | ১০ টি | | |
| ১২ | চার্জার লাইট | ০৭ টি | | |
| ১৩ | কুশন চেয়ার | ০৩ টি | | |
| ১৪ | প্লাষ্টিক সিটেড চেয়ার | ০৩ টি | | |
| ১৫ | বোর্ড রুম চেয়ার | ০১ টি | | |
| ১৬ | সাধারন টেবিল | ০১ টি | | |
| ১৭ | জীপ- পিক আপ গাড়ীর টায়ার | ৫৫ টি | | |
| ১৮ | মটর সাইকেল টায়ার | ২৫ টি | | |
| ১৯ | হেলমেট | ০৩ টি | | |
| ২০ | যানবাহনের লৌহজাত যন্ত্রাংশ | ২০০ কেজি | | |
| ২১ | ১২ ভোল্ট বড় ব্যাটারী | ০৩ টি | | |
| ২২ | ১২ ভোল্ট ছোট ব্যাটারী | ০৩ টি | | |
| ২৩ | কার্পেট | ০১ টি | | |
| | | | সর্বমোট = | |
| (কথায়) | | | | |

০১। দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়: আগামী ০৫/০২/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত।

০২। দরপত্র জমা দেয়ার স্থান: (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
(খ) দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর।

০৩। দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান : একই দিন অর্থাৎ ০৫/০২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উত্তর গোবিন্দপুর, দিনাজপুর ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা অর্থাৎ উভয় ঠিকানায় একযোগে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

শর্তাবলীঃ-

০১। আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

০২। নিলাম দরপত্রের খামের উপরে "কমন স্টোরের নষ্ট মালামালের নিলাম দরপত্র" কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে উপরোক্ত ছকে দর উল্লেখ পূর্বক পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করণসহ সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খাম সীলগালা করে দরপত্র দাখিল করতে হবে।

০৩। নিলাম দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্ব ক্ষেত্রেই একক দরকে গ্রহণযোগ্য দর হিসেবে বিবেচনা করা হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। **নিলাম দরপত্রে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিলাম আইটেমের ক্রমিক নং- ০১ হতে ২৩ পর্যন্ত প্রত্যেকটি আইটেমের বিপরীতে দর দাখিল করতে হবে। এক্ষেত্রে ক্রমিক নং- ০১ হতে ২৩ পর্যন্ত আইটেমের যেকোন একটি আইটেমের দর বাদ দিয়ে অংশগ্রহণকারী নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের দরপত্র বিবেচনা করা হবে না । অর্থাৎ সকল আইটেমের বিপরীতে সর্বসাকুল্যে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কে নিয়মানুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে। উল্লেখ্য আলোচ্য নিলাম দরপত্রে আইটেমভিত্তিক কার্যাদেশ প্রদান করা হবে না।**

০৫। "কমন স্টোরের নষ্ট মালামাল নিলামে" অংশগ্রহণকারী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে উদ্ধৃত নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেষ্টমানি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যে কোন তফসীলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৬। আগ্রহী নিলাম দরদাতাগণ সমিতির সদর দপ্তর হতে অফিস চলাকালীন সময়ের মধ্যে নিলাম দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন এবং কর্তৃপক্ষের সাথে যোগাযোগ পূর্বক মালামাল পরিদর্শন করতে পারবেন।

০৭। সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর সরকারী বিধি মোতাবেক ১০%(দশ) হারে আয়কর ও ৭.৫% (সাত দশমিক পাঁচ) হারে ভ্যাট নগদ/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেষ্টমানি বাজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবারহ করা হবে। অকৃতকার্য নিলাম দরাদাতাকে নিয়মানুযায়ী আর্নেষ্টমানি ফেরত প্রদান করা হবে।

০৮। নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে "কমন স্টোরের নষ্ট মালামাল" গ্রহণের সময় গুনগত মান সংক্রান্ত বিষয়ে কোন ধরনের আপত্তি গ্রহণযোগ্য বিবেচিত হবে না। মালামাল যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই নিজ খরচে কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতিতে গ্রহণ করতে হবে।

০৯। দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এতদসংক্রান্ত যে কোন নিলাম দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ <u>নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা (বাপবিবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৪। পুলিশ সুপার, দিনাজপুর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার............................পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। ডিজিএম (সদর-কারিগরী)/রানীরবন্দর/বিরল/বীরগঞ্জ/চিরিরবন্দর জোনাল অফিস, দিপবিস-১।
০৮। এজিএম (ওএন্ডএম)/গোদাগাড়ী/বোচাগঞ্জ/কাহারোল/খানসামা সাব-জোনাল অফিস, দিপবিস-১।
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-১।
১০। এজিএম (আইটি), দিপবিস-১ (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য )।
১১। নোটিশ বোর্ড, দিনাজপুর পবিস-১।
১২। অফিস কপি / মাষ্টার কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
সিনিয়র জেনারেল ম্যানেজার